

৩৫ নং

ভাব না ধরলে পাবি না মন তাঁরে ।

সে যে ভাবের গোরা রসে পোরা, থাকে ভাবের ঘরে ॥

১। ভাব ধরা না পাগল হওয়া, মন প্রাণ সব তারে দেওয়া,  
খাওয়া বসা শোয়ায় ভাব তাঁরে ।

ভিতর বাহির ঠিক রাখিয়ে, এক নিরিখে থাক চেয়ে,  
নইলে কি সেই অধর ধরতেপারে ॥

২। এক মন ধেয়ানে রয়, পাথর ভাঙ্গে সূঁচের ঘায়,  
লোকে তাহা কথায় কথায় কয়রে ।

অন্যদিকে মন থাকিলে, সে পাথরে ঘা মারিলে,  
সূঁচের কাজ থাক্ কুড়াল ভেঙ্গে যায়রে ॥

৩। অন্তরেতে কু-ভাবনা, বাহিরেতে সাধুর নিশানা,  
ভাব ধরা নয় ভাব করা কয়'তারে ।

তাতে আর ঘটে জঞ্জাল, গাছে না পাকিলে কাঁঠাল,  
কিলায়ে কি তাই পাকাতে পারে ?

৪। গোঁসাই গোপালচাঁদের উক্তি গুরুচাঁদকে কর ভক্তি,  
অধর ধরায় শক্তি দিতে পারে ।

মানবকূলে জন্ম নিয়ে, অসুরত্ব কাজ করিয়ে,  
অভয়া কাঁদে আপন কর্ম ফেরে ॥

—অভয়চরণ কবিরাজ

